

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

প্রশাসন-৫ শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

www.mincom.gov.bd

নম্বর- ২৬.০০.০০০০.০৯০.১১.০০১.১৯-২০১৪

তারিখ: ২১ আগস্ট, ২০১৯

নিয়োগ বিজ্ঞপ্তি

প্রতিযোগিতা আইন, ২০১২ অনুসারে গঠিত বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন এর নিম্নবর্ণিত শূন্য পদে নিয়োগের নিমিত্ত উপযুক্ত ও অগ্রহী বাংলাদেশের নাগরিকগণের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্র. নং	পদের নাম	পদসংখ্যা	আবেদনকারীর যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	চেয়ারপার্সন	১ (এক)	বাণিজ্য মন্ত্রণালয়সহ প্রশাসনের উচ্চপদে এবং দেশের অভ্যন্তরে ১৫ বছরের চাকুরির বাস্তব অভিজ্ঞতা।
২.	সদস্য	২ (দুই)	বাংলাদেশের অর্থনীতি, আন্তর্জাতিক অর্থনীতি, বাজার সম্পর্কিত বিষয়, জনপ্রশাসন, ড্রিউটিও এর বিধি-বিধান বিষয়ে বাস্তব জ্ঞানসহ ১৫ বছরের চাকুরির বাস্তব অভিজ্ঞতা।

শর্তসমূহ:

- ১। অগ্রহী প্রার্থীগণকে নাম, স্থায়ী ও পত্র যোগাযোগের ঠিকানা, যোগ্যতা, ও অভিজ্ঞতা উল্লেখপূর্বক একটি পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্তসহ সচিব, বাণিজ্য মন্ত্রণালয় বরাবরে আগামী ২০ সেপ্টেম্বর ২০১৯ এর মধ্যে আবেদন করতে হবে। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত কোন আবেদন বিবেচনাযোগ্য হবে না।
- ২। আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি এবং দুই কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি দাখিল করতে হবে।
- ৩। আবেদনপত্রের উপরে জানদিকের দৃশ্যমান স্থানে এবং জীবন বৃত্তান্তে পদের নাম উল্লেখ করতে হবে।
- ৪। এসএসসি/সমতুল্য পরীক্ষার সনদপত্রের ভিত্তিতে ২০ সেপ্টেম্বর ২০১৯ তারিখে প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৬২ বৎসর হতে হবে।
- ৫। বৈদেশিক শিক্ষা প্রতিষ্ঠান থেকে অর্জিত ডিগ্রীর সনদপত্রের সাথে উক্ত ডিগ্রীর সমতাকরণ সংক্রান্ত ইউজিসি/শিক্ষা মন্ত্রণালয়ের প্রত্যয়নপত্র আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
- ৬। কমিশনের চেয়ারপার্সন ও সদস্য পদে নিয়োগের মেয়াদ হবে তিন বছর। তবে উক্ত মেয়াদ পূর্ণ হওয়ার পূর্বে নিযুক্ত ব্যক্তির বয়স ৬৫ বছর পূর্ণ হলে তিনি চেয়ারপার্সন/সদস্য পদে আর বহাল থাকবেন না।
- ৭। নিযুক্ত চেয়ারপার্সন ও সদস্যের পদমর্যাদা, বেতন, ভাতা ও অন্যান্য আনুষঙ্গিক সুবিধাদি এবং চাকুরির শর্ত প্রতিযোগিতা আইন, ২০১২ এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন (চেয়ারপার্সন ও সদস্য) নিয়োগ বিধিমালা, ২০১৫ অনুসারে সরকার কর্তৃক নির্ধারিত হবে।
- ৮। প্রার্থীগণের আবেদন প্রাথমিক বাছাইয়ের পর বাছাইকৃত প্রার্থীগণকে বাছাই কমিটির নিকট সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষার অংশগ্রহণের জন্য পত্রের মাধ্যমে অবহিত করা হবে। যোগাযোগের ঠিকানায় ভুল থাকলে প্রার্থী দায়ী থাকবেন।
- ৯। মৌখিক পরীক্ষার অংশগ্রহণের জন্য কোন ভ্রমণভাতা কিংবা দৈনিক ভাতা প্রদান করা হবে না।
- ১০। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিলসহ নিয়োগ কার্যক্রম স্থগিত ও পরীক্ষার সময় পরিবর্তন ও বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।


১৮.৮.১৯

ফারহানা ইসলাম
উপসচিব
বাণিজ্য মন্ত্রণালয়